

আনিসুলের শুরু করা উন্নয়ন কাজ সম্পন্ন করার প্রতিশ্রুতি আতিকুলের

| অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) নবনির্বাচিত মেয়র আতিকুল ইসলাম বলেছেন, স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদী কর্মসূচি হিসেবে ঢাকা উত্তরের উন্নয়নকে তিন ভাগে ভাগ করেছি। স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী করার আছে অনেক কিছু। নগরীকে সুন্দর ও আলোকিত করার অনেক পরিকল্পনা আমার আছে।

শনিবার সকালে উত্তরার বাংলাদেশ ক্লাবে আয়োজিত নির্বাচন পরবর্তী এক সংবাদ সম্মেলনে মেয়র হিসেবে তার করণীয়গুলো তুলে ধরেন আতিকুল ইসলাম।

তিনি বলেন, দায়িত্ব নেয়ার পর থেকে আমি কাজ শুরু করবো বলেছি। কাজগুলো একবার শুরু হলে তা শেষ হবেই। ঢাকা উত্তরকে সুন্দর, সবুজ ও আধুনিক করতে যা যা করা প্রয়োজন আমি সে কাজগুলো করবো।

তিনি বলেন, আগামী এক বছরে যা করতে চাই তা হলো- ঢাকা উত্তরকে আলোকিত নগরে পরিণত করা, পরিবেশ দূষণ রোধ করা, ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে নগর অ্যাপকে সক্রিয় করা। কর ও লেনদেন ডিজিটলাইজড ও অটোমেটেড করা; বৃক্ষ রোপণ, নগর বনায়ন, নগর কৃষির বিস্তার ও বিকাশ; প্রতি মহল্লায় উন্মুক্ত পার্ক ও খেলার মাঠ গড়ে তোলার মাধ্যমে সবুজ ঢাকা গড়ে তোলা হবে। এসময় প্রয়াত মেয়র আনিসুল হকের শুরু করা নগর উন্নয়নের কাজ সম্পন্ন করার প্রতিশ্রুতিও দেন তিনি।

এক বছরের মধ্যে কাজগুলো করা সম্ভব কিনা সে প্রশ্নের উত্তরে তিনি বলেন, আমি নগর সেবক হিসেবে থাকতে চাই। নগরের উন্নয়নের জন্য কাজ করতে চাই। দলমত নির্বিশেষে সকলকে সঙ্গে নিয়ে সুন্দর ও সবুজ একটি ঢাকা নগরী গড়তে চাই।

তিনি বলেন, কালেক্টিভ পদ্ধতিতে মশার বিরুদ্ধে ক্রাস প্রোগ্রাম নেয়া হবে। এজন্য সেনানিবাস, বসুন্ধরা আবাসিক, বিমানবন্দর, ডিএমপি ও সিটি কর্পোরেশনের মধ্যে সমন্বয় করে এটা বাস্তবায়ন করে মশা দূর করা হবে।

এসময় ফুটপাথ, ট্রাকস্ট্যান্ড দখলমুক্ত করতে রাজনৈতিক নেতৃবৃন্দের সহযোগিতা চান তিনি।

তিনি বলেন, ঢাকা শুধু আমার শহর নয় এই শহর আপনাদেরও। আমাদের সামান্য সচেতনতা এবং একটু সহযোগিতা নগরীর প্রাপ্য। আমি বিশ্বাস করি আমরা সবাই যে যার জায়গা থেকে কাজ করি তাহলে আমরা সত্যিকার অর্থে আমাদের অতিকান্ডিত আধুনিক গতিময় ও প্রগতিশীল ঢাকা গড়ে তুলতে পারবো। ঢাকা শুধু আমার শহর নয় আমাদের সবার। নতুন ১৮টি ওয়ার্ডের সংযুক্তিতে উত্তর ঢাকা আজ আকারে দ্বিগুণের বেশি হয়েছে।

'উন্নয়নের সম্ভাবনার হাতছানিতে আমাদের কাজ করার অনুপ্রেরণা পেয়েছে নতুন মাত্রা। কিন্তু ছোট ছোট লক্ষ্যগুলো অর্জন করতে না পারলে বড় বিজয়গুলো রয়ে যাবে আমাদের হাতের নাগালের বাইরে। তাই সবাই মিলে একসাথে হয়ে কাজ করার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন নব নির্বাচিত এ নগর পিতা।'

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন, ঢাকা মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাদেক খান।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) উপ-নির্বাচনে মেয়র পদে বেসরকারিভাবে ৮ লাখ ৩৯ হাজার ৩০২টি ভোট পেয়ে বিজয়ী হন আওয়ামী লীগ সমর্থিত আতিকুল ইসলাম। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জাতীয় পার্টির লাঙ্গল প্রতীকে শাফিন আহমেদ পেয়েছেন ৫২ হাজার ৪২৯টি ভোট।

মেয়র আনিসুল হকের মৃত্যুর কারণে ডিএনসিসির পদটি শূন্য হয়েছিল। বৃহস্পতিবার রাত দেড়টায় রিটার্নিং কর্মকর্তা আবুল কাশেম আনুষ্ঠানিকভাবে এ ফলাফল ঘোষণা করেন।